

জবি শিক্ষক সমিতি

গুচ্ছভর্তি পরীক্ষায় না থাকার সিদ্ধান্তে অনড়

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

২৩ মার্চ ২০২৩ ০২:৩৯

এএম | আপডেট: ২৩ মার্চ

২০২৩ ০২:৩৯ এএম

জগন্নাথ বিশ্ববিদ্যালয়
আমাদের সময়

advertisement

গুচ্ছভর্তি পরীক্ষায় না থাকার সিদ্ধান্তে অনড় অবস্থায় আছে জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি (জবিশিস)। শিক্ষকদের নিজস্বতা, ছাত্রদের হয়রানি ও বিশ্ববিদ্যালয়ের নিজস্ব মান টিকিয়ে রাখাসহ বিভিন্ন দিক বিবেচনা করে এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে। গতকাল বুধবার বিশ্ববিদ্যালয়ের শিক্ষক লাউঞ্জে এক সংবাদ সম্মেলনে এসব কথা তুলে ধরেন জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি। একটি স্বায়ত্তশাসিত বিশ্ববিদ্যালয় হিসেবে নিজস্ব মান টিকিয়ে রাখার দাবিসহ বিভিন্ন দিক বিবেচনা করে এ বছরের শুরু থেকেই গুচ্ছ বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষায় যেতে চাচ্ছে না জগন্নাথ বিশ্ববিদ্যালয়। শিক্ষক সমিতির একাডেমিক কাউন্সিলের মিটিংয়ে গুচ্ছভর্তি পরীক্ষায় না যাওয়ার পক্ষে সবাই সম্মতি দিয়েছেন। অন্যদিকে গত ২০ মার্চ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি) ও শিক্ষা মন্ত্রণালয়ের সঙ্গে গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয় ভিসিদের এক বিশেষ মিটিংয়ে জগন্নাথ বিশ্ববিদ্যালয় ও ইসলামী বিশ্ববিদ্যালয়কে গুচ্ছভর্তি পরীক্ষায় থাকার নির্দেশ প্রদান করা হয়। তবে জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি মনে করে, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের গুচ্ছ না থাকার বিষয়ে

একাডেমিক কাউন্সিলে গৃহীত সিদ্ধান্তের প্রতি ইউজিসির মন্তব্য বিশ্ববিদ্যালয়ের আইনের সঙ্গে সাংঘর্ষিক হবে। লিখিত বক্তব্যে শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক একেএম লুৎফর রহমান বলেন, কোনো ধরনের গবেষণা ছাড়া তাড়াহুড়া করে ২০২০-২১ শিক্ষাবর্ষে প্রথম গুচ্ছভর্তি পরীক্ষায় জগন্নাথ বিশ্ববিদ্যালয় নানাবিধ শঙ্কার কারণে যেতে রাজি ছিল না। কিন্তু তৎকালীন প্রশাসন শিক্ষক সমিতির সিদ্ধান্তকে তোয়াক্কা করেনি।